**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর**
**উপজেলা কৃষি অফিসারের কার্যালয়**
**মতলব উত্তর, চাঁদপুর**

**স্মারক নং: ৮৫০** **তারিখ:৩০/১০/২০২৫**

## প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, আতিকুর রহমান, উপসহকারী কৃষি কর্মকর্তা। তিনি SAAO APP™ উদ্ভাবনের একজন উদ্যোক্তা। SAAO APP™ একটি উদ্ভাবনী ডিজিটাল ওয়েব অ্যাপ্লিকেশন, যা উপজেলা পর্যায়ের উপসহকারী কৃষি কর্মকর্তাদের (SAAO) মাঠপর্যায়ের কৃষি কার্যক্রমের তথ্য ব্যবস্থাপনায় সহায়তা করছে এবং উপজেলা কৃষি অফিসার (UAO) এর মনিটরিং কার্যক্রমকে সহজতর করেছে।

এই অ্যাপ্লিকেশনের মাধ্যমে মাঠ পর্যায়ের কৃষি সম্পর্কিত বিভিন্ন তথ্য যেমন- কৃষকের তথ্য, প্রদর্শনী কার্যক্রম, প্রণোদনার অগ্রাধিকার তালিকা, মাস্টাররোল, প্রশিক্ষণ ইত্যাদি সহজে, দ্রুত ও নির্ভুলভাবে সংরক্ষণ ও ব্যবস্থাপনা করা সম্ভব হচ্ছে।

**অ্যাপ্লিকেশন ব্যবহারের মাধ্যমে প্রাপ্ত সুবিধা সমূহ:**

১। কৃষকদের ব্যক্তিগত তথ্য (নাম, ঠিকানা, এনআইডি, ফোন নম্বর, কৃষকের ধরণ ইত্যাদি) ডিজিটালভাবে সংরক্ষণ করা যাচ্ছে।
২। একই কৃষককে বার বার প্রদর্শনী ও প্রনোদণা প্রদান থেকে নির্ভুল বিরত রাখা সম্ভব হচ্ছে। অংশগ্রহণকারী কৃষক বাছাই এখন তথ্য ভিত্তিক।
৩। পূর্বে সংরক্ষিত তথ্য পুনরায় ব্যবহারযোগ্য হওয়ায় সময় ও শ্রম সাশ্রয় হচ্ছে।
৪। হাতে লেখা অগ্রাধিকার তালিকার প্রয়োজন নেই; ফলে ম্যানুয়াল ত্রুটি প্রায় শূন্যে নেমে এসেছে।
৫। এক ক্লিকেই অগ্রাধিকার তালিকা থেকে মাস্টাররোল তৈরি করা যায়।
৬। উপসহকারী কৃষি কর্মকর্তারা দ্রুত উপজেলা কৃষি অফিসে তালিকা প্রেরণ করতে পারছেন।
৭। রিপোর্ট প্রণয়ন সহজ হয়েছে; প্রণোদনা, প্রদর্শনী ও প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য এখন PDF ও Excel ফরম্যাটে ডাউনলোডযোগ্য।
৮। প্রতিষ্ঠান ভিত্তিক তথ্য সংরক্ষণ ও প্রণোদনা প্রদান করা সম্ভব হচ্ছে।
৯। প্রতি পাঁচজন কৃষকের জন্য স্বতন্ত্র টোকেন জেনারেশন হওয়ায় ডুপ্লিকেশন রোধ হয়েছে।
১০। QR স্ক্যানের মাধ্যমে প্রণোদনা বিতরণ দ্রুত ও নির্ভুলভাবে সম্পন্ন করা যায়।
১১। SAAO APP™ থেকে ডিজিটাল কৃষক আইডি কার্ড বা স্মার্ট কার্ড তৈরির অনুরোধ করা যায় এবং উপজেলা কৃষি কর্মকর্তা প্যানেলের মাধ্যমে তথ্য যাচাই ও কার্ড প্রক্রিয়া করণের সুবিধা রয়েছে। এর ফলে কৃষক আইডি কার্ডে সংযুক্ত QR কোড ব্যবহার করে কৃষকের তথ্য দ্রুত ও নির্ভরযোগ্যভাবে যাচাই করা সম্ভব।

**অতিরিক্ত কার্যকারিতা:**

- যেকোনো তথ্য তাৎক্ষণিকভাবে অনুসন্ধান করা যায়।
- রাজস্ব কৃষক দলের তালিকা প্রস্তুত ও সংরক্ষণ করা সম্ভব।
- সকল প্রকল্প ভিত্তিক কৃষক গ্রুপ তৈরি করা যাচ্ছে।
- কৃষক ও প্রদর্শনীর ছবি ও তথ্য একত্রে সংরক্ষণযোগ্য, যা তদারকিতে সহায়ক।
- প্রশিক্ষিত কৃষকদের তথ্য সংরক্ষিত থাকায় ভবিষ্যৎ প্রকল্প বা প্রণোদনা বাছাই সহজ হয়েছে।
- কৃষক পর্যায়ে ডিজিটাল প্রোফাইল থাকার ফলে তাদের পূর্ণাঙ্গ ইতিহাস সংরক্ষিত থাকে এবং পুনঃনিবন্ধনের প্রয়োজন হয় না।
- কৃষি সম্প্রসারণের তথ্য ব্যবস্থাপনায় ডিজিটাল রূপান্তর ঘটেছে।
- উপজেলা থেকে জেলা ও বিভাগীয় এবং জাতীয় পর্যায় পর্যন্ত তথ্য সমন্বিতভাবে ব্যবহারের সুযোগ তৈরি হয়েছে।

SAAO APP™ এর ব্যবহার কৃষি সম্প্রসারণের মাঠপর্যায়ের কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও দক্ষতা বৃদ্ধি করেছে। কাগজ নির্ভর কাজের পরিমাণ কমে গিয়ে প্রশাসনিক কার্যক্রম আরও গতিশীল হয়েছে। তথ্য ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ এখন সহজতর, যা ডিজিটাল কৃষি ব্যবস্থাপনার এক নতুন দিগন্ত উন্মোচন করেছে।

সর্বোপরি, SAAO APP™ মাঠপর্যায়ের কৃষি কার্যক্রমকে আধুনিক ও প্রযুক্তিনির্ভর করার ক্ষেত্রে এক যুগান্তকারী উদ্যোগ হিসেবে কাজ করছে, যা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের লক্ষ্য ও উদ্দেশ্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। SAAO APP™ তার ব্যবহারকারীর ডাটা স্বত্ব (User Data Privacy) সর্বোচ্চ গুরুত্বের সাথে রক্ষা করে। SAAO APP™ কর্তৃপক্ষ DAE (Department of Agricultural Extension) ব্যতীত অন্য কোনো third-party ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার সঙ্গে ব্যবহারকারীর ব্যক্তিগত বা সংবেদনশীল তথ্য শেয়ার বা প্রকাশ করে না বলে ঘোষণা করে।

অতএব, উপজেলা কৃষি অফিস, মতলব উত্তর, চাঁদপুর কর্তৃক ১ (এক) বছরেরও অধিক সময় ব্যবহারের পর SAAO APP™ অ্যাপ্লিকেশনটির কার্যকারিতা ও ইতিবাচক প্রভাবের ভিত্তিতে এই প্রত্যয়ন পত্র প্রদান করা হলো।

এই ডিজিটাল যাত্রা শুধু SAAO APP™ দলের নয় এটি মাঠপর্যায়ের কর্মকর্তাদের, সরকারি দপ্তরগুলোর, আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা, গবেষণা প্রতিষ্ঠান এবং প্রযুক্তিপ্রেমী সকল মানুষের সম্মিলিত প্রচেষ্টায় আরও বৃহৎ পরিসরে সফল হবে এটাই আমার প্রত্যাশা।
আমি SAAO APP™ -এর ক্রমবর্ধমান সাফল্য ও ধারাবাহিক উন্নতির জন্য আন্তরিক শুভকামনা জানাচ্ছি।

৩০/১০/২৫
(ফয়সাল মোহাম্মদ আলী)
উপজেলা কৃষি অফিসার
মতলব উত্তর, চাঁদপুর